তারিখ ..22 JUL 2016...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

দৈনিক
ইত্তেফাক



গতকাল ১৭ নম্বর ওয়ার্ডে কুড়িল-প্রগতি সরণীতে সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে ভাটারা থানা আওয়ামী লীগ আয়োজিত মানববন্ধনে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা অংশ নেয়
—ইত্তেফাক

# সচেতন থাকুন, কলেজে যেন জঙ্গি 'ব্যাধি' ঢুকতে না পারে: শিক্ষামন্ত্রী

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের 'সন্ত্রাসের বিরুদ্ধে শান্তি সমাবেশ'

■ ইত্তেফাক রিপোর্ট

কলেজ পর্যায়ের শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কলেজ পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে যেন জঙ্গি নামক 'ব্যাধি' ঢুকতে না পারে সেদিকে খেয়াল রাখুন। শিক্ষার্থীদেরকে সচেতন করতে যা যা করণীয় তা করার এবং তাদেরকে সঠিক দিক নির্দেশনা দেবার আহ্বান জানান মন্ত্রী।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউট অডিটরিয়ামে জাতীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত 'সন্ত্রাসের বিরুদ্ধে শান্তি সমাবেশ' শীর্ষক সভায় তিনি এসব কথা বলেন।

জাতীয় বিশ্ববিদ্যায়ের উপাচার্য হারুন-অর-রশিদের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের সদস্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক এস এম ওহিদুজ্জামান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক দিল আফরোজ, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ গায়ত্রী চ্যাটার্জী, ঢাকা কমার্স কলেজের অধ্যক্ষ আবু সাঈদ প্রমুখ। অনুষ্ঠানে বিভিন্ন কলেজ পর্যায়ের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, মুষ্টিমেয় কিছু বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী জঙ্গিবাদের সঙ্গে যুক্ত হয়েছে। আমরা খোঁজখবর নেওয়া শুরু করেছি। কারা এসহ কর্মকাণ্ডে জড়িত তাদেরকে খুঁজে বের করে শাস্তির ব্যবস্থা করা হবে। কলেজ পর্যায়ের শিক্ষক-শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, আপনারাও সচেতন থাকুন, আপনাদের শিক্ষার্থীরা যেন এই ব্যাধিতে না জড়ায়।

শিক্ষামন্ত্রী বলেন, গুলশানের হামলা ছিল আমাদের জন্য ব্যতিক্রমী। পূর্বে আমাদের এমন বড় ধরনের হামলার বিষয়ে কোনও অভিজ্ঞতা ছিল না। তারপরও দেশের আইন-শৃঙ্খলা বাহিনী ওই হামলাকারীদেরকে মাত্র কয়েক ঘণ্টার মধ্যে প্রতিহত করতে পেরেছে।

শোলাকিয়া ঈদগাহ ময়দানে হামলার প্রসঙ্গে মন্ত্রী বলেন, শোলাকিয়াতেও জঙ্গিরা বড় ধরনের হামলা করতে চেয়েছিল। কিন্তু সরকারের আইন-শৃঙ্খলা বাহিনী সতর্ক থাকার কারণে বড় হামলা থেকে আমরা রক্ষা পেয়েছি।

নুরুল ইসলাম নাহিদ বলেন, ইসলাম প্রতিষ্ঠা জঙ্গিদের উদ্দেশ্য নয়। বিশৃঙ্খলা সৃষ্টি করা তাদের মূল উদ্দেশ্য। তারা যদি ইসলামের পথেই থাকতো তাহলে গুলশানের হামলার দিন তারাবির নামাজের সময় নামাজ না পড়ে তারা মানুষ হত্যায় লিপ্ত থাকতো না।

এসব হামলায় তরুণ মেধাবী শিক্ষার্থীরা জড়িত উল্লেখ করে তিনি বলেন, তরুণ সমাজকে ধর্ম সম্পর্কে ভুল ব্যাখ্যা দিয়ে জঙ্গিবাদের সঙ্গে যুক্ত করা হচ্ছে। আমাদের নতুন প্রজন্ম যারা দেশের হাল ধরিবে তারা আজ দেশ ধ্বংস করায় লিপ্ত।